



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৯

২৪ মে ২০২৬

তারিখ: -----

১০ জ্যৈষ্ঠ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ খুলনা, রাজশাহী এবং রংপুরে নির্বাচিত স্থানে স্থাপিত কোরবানির পশুর হাটের নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ সাক্ষ্য ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন এবং রংপুর সিটি কর্পোরেশন এর তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় যথাক্রমে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীসহ খুলনা, রাজশাহী এবং রংপুরের বিভিন্ন স্থানে কোরবানির পশুর হাট পরিচালিত হতে যাচ্ছে। এ সকল হাটে অধিক সংখ্যক ক্রেতা ও ব্যবসায়ীর সমাগম এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন সংঘটিত হয় বিধায় ক্রেতা ও ব্যবসায়ী উভয়ের আর্থিক লেনদেনের নিরাপত্তা বিধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোরবানির পশুর হাটের সংলগ্ন বা নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা এবং সংশ্লিষ্ট পশুর হাটে স্থাপিত অস্থায়ী বুথ ব্যবহার করে কোরবানির পশুর ক্রেতা ও ব্যবসায়ীগণ যেন তাদের পশু ক্রয়-বিক্রয়ের অর্থ সহজে লেনদেন করতে পারেন তা নিশ্চিত করতে ব্যাংকিং সহায়তা প্রদান জরুরী।

০২। বর্ণিত প্রেক্ষিতে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে—

- ক) ২৪/০৫/২০২৬ তারিখ হতে ঈদ-উল-আযহার আগের দিন পর্যন্ত ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন এবং রংপুর সিটি কর্পোরেশন এর কোরবানির পশুর হাটের (সংযুক্তি-১ এ বর্ণিত) নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা স্বীয় বিবেচনায় নির্বাচন করে বিশেষ ব্যবস্থায় খোলা রেখে সকাল ১০:০০ টা হতে রাত ১০.০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখা;
- খ) পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে কোরবানির পশুর হাটে স্বীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপনের মাধ্যমে অর্থ জমা নেয়া, উত্তোলন ও নতুন হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ; এবং
- গ) সংশ্লিষ্ট ব্যাংক শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীগণের বিশেষ ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মো: মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

সংযুক্তি-১

আসন্ন ঈদ-উল-আযহা-২০২৬ উপলক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন এবং রংপুর সিটি কর্পোরেশন এলাকায় নির্বাচিত কোরবানির পশুর হাটের তালিকা

আসন্ন ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষ্যে কোরবানির পশুর হাটের তালিকা		
	ক্রমিক নং	হাটের ঠিকানা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	১	বনরুপা আবাসিক প্রকল্পের খালি জায়গা
	২	মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নম্বর-৬ (ইস্টার্ন হাউজিং) এর খালি জায়গা
	৩	মিরপুর কালশী বালুর মাঠের (১৬ বিঘা) খালি জায়গা
	৪	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট সংলগ্ন খালি জায়গা
	৫	বাড্ডা থানার অন্তর্গত স্বদেশ প্রপার্টির খালি জায়গা
	৬	২৩ নং ওয়ার্ডস্থিত পূর্ব হাজীপাড়া, ইশরা মাদ্রাসার পাশে খালি জায়গা
	৭	উত্তরা দিয়া বাড়ি ১৬ ও ১৮ নং সেক্টরসংলগ্ন বউ বাজার এলাকার খালি জায়গা
	৮	গাবতলী পশুর হাট
	৯	খিলক্ষেত থানাধীন ৪৩ নম্বর ওয়ার্ডের মস্তুল চেকপোস্ট সংলগ্ন পশ্চিম পাড়া এলাকা
	১০	বড় বেরাইদ বসুন্ধরা গ্রুপের খালি জায়গা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	১১	কাজলা ব্রীজ হতে মাতুয়াইল মৃধাবাড়ী পানির পাম্প পর্যন্ত
	১২	মোস্তামামি মোড় সংলগ্ন গ্রীণ বনশ্রী হাউজিং
	১৩	ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের দক্ষিণ পূর্ব পাশ এলাকা
	১৪	রহমতগঞ্জ ক্লাবসংলগ্ন এলাকা
	১৫	পোস্তগোলা শ্মশানঘাটের পশ্চিমপার্শ্বে নদীর পাড় এলাকা
	১৬	উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাবসংলগ্ন আশপাশ এলাকা
	১৭	শিকদার মেডিকেল সংলগ্ন আমিন মোহাম্মদ গ্রুপের এলাকা
	১৮	গোলাপবাগস্থ আউটফল স্টাফ কোয়ার্টার এলাকা
	১৯	আমুলিয়া মডেল টাউন
	২০	সারুলিয়া
	২১	সাদেক হোসেন খোকা মাঠের দক্ষিণ পার্শ্বের খালি জায়গা অস্থায়ী কোরবানির পশুর হাট
চট্টগ্রাম সিটি কর্পোরেশন	২২	বিবির হাট
	২৩	সাগরিকা
রংপুর সিটি কর্পোরেশন	২৪	লালবাগ সদর হাট
খুলনা সিটি কর্পোরেশন	২৫	জোড়া হাট
রাজশাহী সিটি কর্পোরেশন	২৬	সিটি হাট